

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৬.২২. ৮২৫


তারিখ- ২১/০৭/২০২২ খ্রি.

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প-২য় পর্যায় এর আওতায় সুফলভোগী সদস্যদেরকে আর্থিকভাবে স্বাবলম্বী করে গড়ে তোলার উদ্দেশ্যে প্রশিক্ষণোত্তর ঋণ সহায়তা প্রদান করা হচ্ছে। উক্ত ঋণ নিয়মিতভাবে সাপ্তাহিক/মাসিক কিস্তিতে আদায়যোগ্য হলেও সম্প্রতি লক্ষ্য করা গেছে অধিকাংশ উপজেলায় কিস্তিতে ঋণ আদায়ের হার খুবই কম। কিস্তিতে ঋণ আদায় না হলে সদস্যদের উপর আর্থিক চাপ সৃষ্টি হয়। তাই ঋণের সুষ্ঠু/যথাযথ ব্যবহার, ঘূর্ণায়মান প্রক্রিয়া অব্যাহত রাখা ও ঋণ খেলাপী হওয়ার সম্ভাবনা রোধকল্পে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

- ক) সদস্য পর্যায়ে বিতরণকৃত ক্ষুদ্র ঋণ ২০% কিস্তিতে আদায় না হলে উক্ত সদস্যকে পুনরায় ঋণ বিতরণ করা যাবে না এবং ৩০% এর অধিক অর্থ কিস্তিতে আদায় না হলে ঋণের সিলিং বৃদ্ধি করা যাবে না;
- খ) সদস্য পর্যায়ে বিতরণকৃত উদ্যোক্তা ঋণ ৮০% কিস্তিতে আদায় না হলে উক্ত সদস্যকে পুনরায় ঋণ বিতরণ করা যাবে না।

প্রকল্প/কর্মসূচির সফল বাস্তবায়নের স্বার্থে এ আদেশ জারী করা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোন নং- ০২-৮১৮০১৪৪

সদয় কার্যার্থে :

১. উপপরিচালক, বিআরডিবি,(সংশ্লিষ্ট সকল জেলা)।
২. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,(সংশ্লিষ্ট সকল উপজেলা)।

সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপ্রকল্প পরিচালক (প্রশাসন ও পরিকল্পনা), ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. উপপ্রকল্প পরিচালক (উন্নয়ন ও অর্থ), ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. সহকারী পল্লী উন্নয়ন অফিসার, ইরেসপো, বিআরডিবি,....(সংশ্লিষ্ট সকল উপজেলা)।
৬. অফিস কপি।